COMPLIED & CIRCULATED BY
DIPASHRI ROY
STATE AIDED COLLEGE TEACHER
DEPT OF BENGALI
NARAJOLE RAJ COLLEGE
5th Semester (UG)
Core Course
Paper - C12T

—কমেডি—
আলোচনা - 1

-: কমেডির উৎপত্তি সংজ্ঞা ও স্বরূপ :-

কমেডি শব্দটির উৎসে রয়েছে গ্রিক 'Komos' যা প্রাচীন নিসাস এর শীতকালীন উৎসবে মোদোস্রা সহকারে গীত ব্যাকিস্ আনন্দগীতি। কমেডির উদ্ভব বিষয়ে মতপার্থক্য আছে এবং অ্যারিস্টটল এর মতে কমেডির কোনো ধারাবাহিক ইতিহাস নেই। তবে প্রাচীন গ্রিক কমেডির উৎপত্তি অবশ্যই সমার্থিত ছিল উর্বরতা- বিষয়ক আচার অনুষ্ঠান ও ডায়োনিসাস এর উপাসনার সঙ্গে।

লঘু চপল হাস্যরসের অসারি; জীবনের নানা ত্রুটি, বিকৃতি, নির্বুদ্ধিতা, প্রগলভতা, রঙ্গ-ব্যঙ্গ, বিদ্রূপ - কৌতুক কমেডির প্রাণ এবং আনন্দোজ্জ্বল দীপ্তি; কমেডির পরিণতি তাই হাস্যমধুর ও মিলনাত্মক, সরস-লেখায়, পরিচিত সামাজিক পরিবেশের প্রেক্ষিতে মানুষের নানা অসম্পূর্ণতা, আতিশয্য, নির্বুদ্ধিতা ও অসংগতির চিত্র পরিস্ফুট করা কমেডির উদ্দেশ্য। তার লক্ষ্য হাস্য- পরিহাসের মধ্য দিয়ে মানুষের বহিরঙ্গ ও অন্তরঙ্গ, দুইয়েরই অসংগতিকে উন্মোচন করা এবং শুভবিশ্বাসে তার পরিশোধন বা শোধন।

অ্যারিস্টটল কমেডিকে সাধারণ মানবচরিত্রের বিকৃতি - আতিশয্য প্রাপ্তির ব্যঙ্গধর্মী অনুকৃতি ও উন্মোচন বলে মত প্রকাশ করেছিলেন। Poetics - এর পঞ্চম অধ্যায়ের শুরুতেই কমেডির সংজ্ঞায় তিনি বলেছেন —

(as has been observed)

" As for comedy, it is an imitation of men worse than the average, worse, however, not as regards any and every sort of fault, but only as regards one ridiculous kind, the ridiculous, which is a species of the ugly, the ridiculous may be defined as a mistake, or deformity not productive of pain or harm to others; the mask, for instance, that excites laughter, is something ugly and distorted without causing pain."

COMPLIED & CIRCULATED BY
DIPASHRI ROY
STATE AIDED COLLEGE TEACHER
DEPT OF BENGALI
NARAJOLE RAJ COLLEGE
5th Semester (U.G)
Core Course
Paper - C12T

এই সংজ্ঞাটি বিশ্লেষণ করলে যে সূত্রগুলি পাওয়া যাবে —

১. ট্র্যাজেডি বা কাব্যকলার অন্যান্য রূপের মতো কমেডিও অনুকৃতি, এই অনুকৃতির লক্ষ্য স্বাভাবিক গড় জীবন মানের নিম্নবর্তী মানুষেরা।

২. কমেডির উপজীব্য চরিত্রেরা নিম্নতর কেবলমাত্র একটি বিশেষ অর্থে - তারা হাস্য পরিহাস - কৌতুক উদ্রেক করে।

৩. মানবচরিত্রের যে কৌতুকের দিকটি কোনো পীড়া বা যন্ত্রণা দেয় না, কেবল হাস্যরসে পাঠক/দর্শক মনকে আন্দোলিত করে তাই কমেডির উপজীব্য।

৪. এই কৌতুকের দিকটি ফলশ্রুতির এক বিশেষ রূপ, বলা যায় incongruity বা অসংগতি।

কমেডিতে জীবনের অসামঞ্জস্য তথা বৈষম্যের হাস্যকর দীপ্ত খেল। সাধ ও সাধ্যের, আকাঙ্ক্ষা ও প্রাপ্তির, উদ্দেশ্য ও ফলের অসংগত বিরোধের মধ্যে দিয়েই কমেডি হাস্য পরিহাসের দীপ্তিতে উদ্ভাসিত করে তোলে পাঠক দর্শকের মানসলোক।